

# সূত্র

প্রিন্ট: ০৩ মে ২০২৬, ১০:২৪ এএম

আওয়ামী লীগ

## ঢাবিতে নিষিদ্ধ ছাত্রলীগের ঝটিকা মিছিল

Advertisement



হাজারীবাগ ও ঢাবি প্রতিনিধি

প্রকাশ: ০২ মে ২০২৬, ১২:১৭ পিএম



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রাজু ভাস্কর্যের সামনে বাটিকা মিছিল করেছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগ। এ ঘটনায় ঢাবি ছাত্রসহ দুজনকে আটক করেছে পুলিশ।

শনিবার (২ মে) ভোর আনুমানিক ৬টার দিকে এ ঘটনা ঘটে।

আটকরা হলেন—ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ সেশনের এফ রহমান হলের শিক্ষার্থী ফারহান তানভীর নাসিফ এবং একটি মাইক্রোবাসের চালক রুবেল।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, ১০ থেকে ১২ জনের একটি দল হঠাৎ করে রাজু ভাস্কর্যের পাদদেশে জড়ো হয়ে মিছিল ও ব্যানার প্রদর্শন করে। মিছিলটি ছিল স্বল্প সময়ের। কর্মসূচি শেষ করেই তারা দ্রুত একটি কালো মাইক্রোবাসে উঠে ঘটনাস্থল ত্যাগ করে।

এ সময় ঘটনাস্থলে থাকা আরেকটি মাইক্রোবাস থেকে দুইজনকে আটক করে পুলিশ। পরে তাদের থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।

এ বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশের রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলম গণমাধ্যমকে জানান, রাজু ভাস্কর্য এলাকায় ছাত্রলীগের বাটিকা মিছিল চলাকালে দুইজনকে আটক করা হয়েছে এবং বিষয়টি তদন্তাধীন।